

# প্রথম আন্দোল

তারিখঃ ২৪-০১-২০২৪ (পৃঃ ০৬)

গাজীপুর

## ব্রি পরিদর্শন ইরির পরিচালকের

আন্তর্জাতিক ধান গবেষণা ইনস্টিটিউটের (ইরি) এশিয়ার আঞ্চলিক পরিচালক জংসু শিন গতকাল গাজীপুরে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি) সদর দপ্তর পরিদর্শন করেন। পরে তিনি ব্রির বিভাগীয় প্রধানদের সঙ্গে মতবিনিময় সভায় মিলিত হন। ব্রির মহাপরিচালক মো. শাহজাহান কবীরের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় ব্রির অর্জন ও অগ্রগতি সম্পর্কে পাওয়ার পয়েন্ট উপস্থাপন করেন প্রতিষ্ঠানটির উদ্ভিদ প্রজনন বিভাগের প্রধান খোন্দকার মো. ইফতেখারুদ্দৌলা। পরে ইরির পরিচালক জংসু শিন ব্রির কেন্দ্রীয় গবেষণাগার, রাইস মিউজিয়াম পরিদর্শন করেন। সভায় ব্রির পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) আবদুল লতিফ, ইরির বাংলাদেশ প্রতিনিধি হোমনাথ ভাভারি, উচ্চশিক্ষা ও গবেষণা সমন্বয়কারী মুন্সুজান খানম, ইরির নির্বাহী সহকারী মোহাম্মদ শাহীন ভূঁইয়া উপস্থিত ছিলেন। মতবিনিময় সভা শেষে ব্রির পক্ষ থেকে সফররত প্রতিনিধিদলের সদস্যদের ক্রেস্ট ও বিভিন্ন উপহারসামগ্রী তুলে দেওয়া হয়।

প্রতিনিধি, গাজীপুর